

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট  
প্রশাসন শাখা

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মপরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়ন কৌশল ও বাজেট সংক্রান্ত বিষয়ের উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রসঙ্গে

সভাপতি	ড. নাথু রাম সরকার মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২৩ সেপ্টেম্বর ২০১৯খ্রিঃ সকালঃ ১১.০০ ঘটিকা।
সভার সময়	সকাল ১১ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাতার, ঢাকা।
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে ড. গৌতম কুমার দেব, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা এবং সদস্য-সচিব, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত কমিটি সভায় বিএলআরআই এর এতদসংক্রান্ত কর্মপরিকল্পনা এবং অগ্রগতি সভাকে অবহিত করেন। তিনি জানান যে, এ যাবৎ ৪টি সভা আহ্বান করা হয়। সভায় আলোচনান্তে কর্মপরিকল্পনা চূড়ান্তকরণ, খসড়া বাজেট প্রণয়ন এবং কর্মপরিকল্পনা মোতাবেক কর্মসূচিগুলো বাস্তবায়নের লক্ষ্যে ৬টি উপ-কমিটি গঠন করা হয়। এতদসংক্রান্ত বিএলআরআই এর কর্মপরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মূল কমিটি এবং উপ-কমিটির সকল সদস্যগণের মধ্যে সুস্পষ্ট ধারণা প্রদানের জন্য মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সভা আহ্বান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

বিভিন্ন উপ-কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবগণ নিজ নিজ কমিটির সদস্যগণের সাথে আলোচনাপূর্বক কর্মপরিকল্পনা বাস্তবায়ন কৌশল ও বাজেট নির্ধারণের বিষয়ে সভায় মতামত প্রদান করেন। সভায় বিভিন্ন উপ-কমিটির আহ্বায়ক ও সদস্য-সচিবসহ অন্যান্য সদস্যবৃন্দ কর্মপরিকল্পনা বাস্তবায়নের কৌশল, বাজেট, সময়সহ অন্যান্য বিষয়ে স্বতঃস্ফূর্তভাবে মতামত প্রদান করেন।

সভাপতি মহোদয় নির্ধারিত কর্মপরিকল্পনাগুলো সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য কমিটি এবং বিভিন্ন উপ-কমিটির সকল সদস্যের প্রতি আহ্বান জানান। তিনি কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য গঠিত উপ-কমিটিগুলো যথার্থ হয়েছে মর্মে সভায় সন্তোষ প্রকাশ করেন। এছাড়াও, প্রয়োজনীয়তার নিরিখে উপ-কমিটি নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে মর্মে সভায় মতামত প্রদান করেন।

২। বিস্তারিত আলোচনার পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তগুলো গ্রহণ করা হয়ঃ


২.১ পূর্ববর্তী সভার কাযপত্র পরিবর্তন ছাড়াই গৃহীত হয়।

২.২ প্রতিটি উপ-কমিটি নিজ নিজ কর্মপরিধি অনুযায়ী আগামী এক মাসের মধ্যে কর্মপরিকল্পনা ও বাজেট প্রণয়ন পূর্বক কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করবেন এবং কর্মপরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়নে আন্তরিক থাকবেন।

২.৩ ইনস্টিটিউটের অতিরিক্ত পরিচালক (সার্পোর্ট সার্ভিস) গোল-টেবিল আলোচনা, বৃক্ষরোপন, জাতীয় দিবসগুলো গুরুত্বসহকারে পালন, নিউজ লেটারের বিশেষ সংখ্যা প্রকাশ এবং জাতীয় দিবসগুলোতে ইনস্টিটিউটের প্রধান ও আঞ্চলিক কার্যালয়গুলোতে আলোক সজ্জাসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২.৪ পিপিআর/এফএমডি মুক্ত অঞ্চল, বিএলআরআই পল্লী প্রযুক্তি এবং লবণসহিষ্ণু ফড়ারের জাত উন্নয়নের সাথে সম্পৃক্ত বিজ্ঞানীগণ নির্ধারিত সময়ের মধ্যে তাদের গবেষণা কার্যক্রম সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. নাথু রাম সরকার  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.২০১.৯১.০৯১.১৯.৩৯৫


তারিখ: ১৭ আশ্বিন ১৪২৬

০২ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৩) সকল প্রকল্প পরিচালক, বিএলআরআই, সাভার, ঢাকা
- ৪) সকল কর্মকর্তা, সাপোর্ট সার্ভিস, বিএলআরআই, সাভার, ঢাকা
- ৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৬) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন সংক্রান্ত মূল কমিটি ও উপ-কমিটির সকল সম্মানিত সদস্যগণ, বিএলআরআই, সাভার, ঢাকা



ড. নাথু রাম সরকার  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)